

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট



স্মারক: মাউশি/লেইস/০১-২০৯/ Baseline Study/২০২৬/ ১৭৭২

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ ব.
১১ অক্টোবর ২০২৬ খ্রি.

বিষয়: মাধ্যমিক শিক্ষকগণের দক্ষতা (Comptency) স্তর নির্ণয়ের লক্ষ্যে Baseline Study ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণের Early Impact Assessment পরিচালনার নিমিত্ত মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহে সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় অক্টোবর ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। লেইস প্রকল্পের অন্যতম লক্ষ্য হলো মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের দক্ষতার (Comptency) স্তর বেসলাইন থেকে ১৫% বৃদ্ধি করা। এলক্ষ্যে, প্রকল্পের আওতায় মাধ্যমিক শিক্ষকগণের জন্য ব্যাপকভিত্তিক দীর্ঘমেয়াদী ও মধ্যমেয়াদী বিশেষায়িত প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নাধীন রয়েছে।

২। লেইস প্রকল্পের আওতায় মাধ্যমিক শিক্ষকগণের দক্ষতা (Comptency) স্তর নির্ণয়ের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER) কর্তৃক Baseline Study পরিচালনা করা হচ্ছে। এছাড়াও, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসারে লেইস প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণের একটি Early Impact Assessment পরিচালনা করা হচ্ছে। এলক্ষ্যে, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট অক্টোবর ২০২৬ থেকে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ করবে।

৩। এ পরিপ্রেক্ষিতে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় মাধ্যমিক শিক্ষকগণের দক্ষতা (Comptency) স্তর নির্ণয়ের লক্ষ্যে Baseline Study ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণের Early Impact Assessment পরিচালনার নিমিত্ত মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

(প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল)

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,

অনুলিপি (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER) এর প্রতিনিধিকে তথ্য সংগ্রহে সার্বিক সহযোগিতা প্রদানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের অনুরোধসহ];
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ; ঢাকা [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
৩. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, সকল অঞ্চল [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER) এর প্রতিনিধিকে তথ্য সংগ্রহে সার্বিক সহযোগিতা প্রদানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের অনুরোধসহ];

৪. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER) এর প্রতিনিধিকে তথ্য সংগ্রহে সার্বিক সহযোগিতা প্রদানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের অনুরোধসহ];
৫. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা, সকল জেলা [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER) এর প্রতিনিধিকে তথ্য সংগ্রহে সার্বিক সহযোগিতা প্রদানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের অনুরোধসহ];
৬. উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা, সকল জেলা [শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER) এর প্রতিনিধিকে তথ্য সংগ্রহে সার্বিক সহযোগিতা প্রদানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয়ের অনুরোধসহ]।

স্মারক: মাউশি/লেইস/০১-২০৯/ Baseline Study/২০২৬/১৩৭৭২

তারিখ: ২৬ অশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১১ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ;
৪. জেলা প্রশাসক, সকল জেলা;
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ; ঢাকা
৭. সংরক্ষণ নথি।